# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিম ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীস হয়তো আমাদের উল্লেখিত আবূ সালামার হাদীসের বিপরীত

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّهُ مُضَادٌّ لِخَبَرِ أَبِي سَلَمَةَ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

3203 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ بِبُسْتَ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ عَنْ مُوسَى بْنِ جُبَيْرٍ: عَنْ أَبِي أُمَامَةَ بْنِ سَهْلِ بْنِ حُنَيْفٍ قَالَ: دَخَلْتُ أَنَا وَعُرْوَةُ بْنُ الزُّبَيْرِ عَلَى عَائِشَةَ فَقَالَتْ: لَوْ رَأَيْتُمَا نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ فِي مَرَضٍ لَهُ وَكَانَتْ لَهُ عِنْدِي سِتَّةُ دَنَانِيرَ أَوْ سَبْعَةٌ قَالَتْ: فَأَمَرَنِي أَنْ أُفَرِّقَهَا فَشَغَلَنِي وَجَعُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى عَافَاهُ اللَّهُ قَالَتْ: ثُمَّ سَأَلَنِي عَنْهَا فَقُلْتُ: لَا وَاللَّهِ قَدْ كَانَ شَغَلَنِي وَجَعُكَ قَالَتْ: فَدَعَا بِهَا فَوَضَعَهَا فِي كَفِّهِ ثُمَّ قَالَ: (مَا ظَنُّ نَبِيِّ اللَّهِ لَوْ لَقِيَ اللَّهَ وَهُوَ عنده؟! )
الراوي : أَبُو أُمَامَة بْن سَهْلِ بْنِ حُنَيْفٍ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3203 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((التعليق الرغيب)) (2/ 42) , ((الصحيحة)) (1014).

বাংলা

৩২০৩. আবূ উমামাহ সাহল বিন হুনাইফ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি এবং উরওয়া বিন যুবাইর আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার কাছে প্রবেশ করি। তখন তিনি বলেন, “যদি তোমরা আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখতে, একদিন তিনি অসুস্থ ছিলেন, আমার কাছে তাঁর ছয়টি অথবা সাতটি দীনার (স্বর্ণ মুদ্রা) ছিল। তিনি বলেন, “অতঃপর তিনি আমাকে তা দান করতে বলেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অসুস্থতা আমাকে ব্যস্ত করে তুলে। তারপর যখন তিনি সুস্থ হলেন, তখন তিনি আমাকে সেই সম্পর্কে জিজ্ঞেস করেন। আমি বলি, “জ্বী, না। আল্লাহর কসম! আপনার অসুস্থতা আমাকে ব্যস্ত করে তুলেছিল।”

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “তারপর তিনি আমাকে সেগুলো আনতে বলেন। অতঃপর সেগুলো তিনি তাঁর হাতের তালুতে রেখে বলেন, “আল্লাহর নাবীর কী ধারণা, যদি তিনি এগুলো নিজের কাছে রেখে আল্লাহর সাথে সাক্ষাত করেন![1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৯; বাগাবী: ১৬৫৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ১০/২৩৯-২৪০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহাহ: ১০১৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ উমামা ইবনে হুনাইফ

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92533

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন